শৈলকুপায় ২ বাড়িতে, স্বর্ণালংকার ও নগদ টাকা লুটপাট

ঝিনাইদহের শৈলকুপায় ২ বাড়িতে চুরি ও লুটের ঘটনা ঘটেছে। দুই বাড়ির স্বর্ণালংকারসহ নগদ টাকা লুট করে নিয়ে গেছে দুর্বত্তরা।

ভুক্তভোগী উপজেলার মাধবপুর গ্রামের স্কুল শিক্ষক জয়দেব বিশ্বাস জানান, রাত দেড়টার দিকে তার বাড়ীর গ্রীল কেটে একদল ডাকাত প্রবেশ করে। তারা পরিবারের সবাইকে অস্ত্রের মুখে জিম্মি করে প্রায় ১০ ভরি স্বর্ণালংকার ও নগদ টাকা লুট করে নিয়ে যায়।

পরে ওই চক্র পার্শবর্তী কৃষক প্রকাশ বিশ্বাসের বাড়িতেও প্রবেশ করে । কৃষকের বাড়ি থেকে ১ ভরি স্বর্ণালংকার ও নগদ টাকা লুট করেছে বলে জানিয়েছে কৃষক প্রকাশ বিশ্বাস।

শৈলকুপায় থানার ওসি শফিকুল ইসলাম চৌধুরী বলেন, মাধবপুর গ্রামে দস্যুতার ঘটনা ঘটেছে। ভুক্তভোগীরা থানায় মামলা দিলে আমরা মামলা নিব এবং আশা করছি তথ্য প্রযুক্তি ব্যবহার করে দ্রুতই দোষীদের আইনের আওতায় আনতে পারব।